

রমাযানের ফাযায়েল ও রোযার মাসায়েল

বিভাগ/অধ্যায়ঃ দশম অধ্যায় - রমাযানে যে যে কাজ করা রোযাদারের কর্তব্য রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মুক্তাদীর কুরআন দেখা

নামায অবস্থায় মুক্তাদীর কর্তব্য হল, বিনয়-নম্রতা ও ধীরতা-স্থিরতা অবলম্বন করা, ইমামের ক্বিরাআত মনোযোগ সহকারে শ্রবণ করা, ডান হাতকে বাম হাতের উপর রেখে বুকে বাঁধা, সিজদার জায়গায় দৃষ্টি নিবদ্ধ রাখা ইত্যাদি। কিন্তু হাতে কুরআন নিলে উক্ত সকল সুন্নাহ পরিত্যক্ত হয়ে যায়। পৃষ্ঠা ও আয়াত নম্বর খুঁজতে গিয়ে অনেক সময় তার মন ও দৃষ্টি কুরআন শোনা থেকে মশগুল হয়ে পড়ে। সুতরাং হাতে কুরআন না নেওয়াটাই মুক্তাদীর জন্য সুন্নত। অবশ্য ইমামের হিষ্য কাঁচা হলে তাঁর ভুল ধরিয়ে দেওয়ার জন্য তাঁর পিছনে কুরআন দেখে গেলে প্রয়োজনে তা বৈধ; দৃষণীয় নয়। পক্ষান্তরে অপ্রয়োজনে প্রত্যেকে কুরআন হাতে ইমামের ক্বিরাআত দেখে যাওয়া সুন্নাহর বিপরীত কাজ।[1]

ফুটনোট

[1] (সালাতুত তারাবীহ ১৮-১৯পৃঃ)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=4102

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন